# [অথরাইজড ইকোনোমিক অপারেটর (AEO) এর স্বীকৃতি সনদের আবেদন প্রক্রিয়াকরণ চেকলিস্ট]

| ক্রম | বিবেচ্য ক্ষেত্রেসমূহ | প্রমাণক | প্রযোজ্য বিধি |
|---|---|---|---|
| | **সাধারণ যোগ্যতা মূল্যায়ণ** | | |
| ১. | কাস্টমস সংক্রান্ত, তথা আমদানি বা রপ্তানি পণ্য খালাস প্রক্রিয়ার সাথে সরাসরি সম্পৃক্ত কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান যেমন, রপ্তানিকারক, আমদানিকারক, লজিস্টিকস অপারেটর, প্রভৃতি অথরাইজড ইকোনোমিক অপারেটর (AEO)-এর স্বীকৃতি সনদ প্রাপ্তির জন্য আবেদন করেছেন কি? | (ক) প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র<br>(খ) আবেদনের সাথে দাখিলকৃত দলিলাদি | বিধি ৫(১)(ক) |
| ২. | সুনির্দিষ্ট আবেদনকারী বা প্রতিষ্ঠানের জন্য আবেদন করা হয়েছে কি? (আবেদনকারীর অন্য কোনো ব্যবসায় প্রতিষ্ঠানের জন্য প্রযোজ্য হবে না) | (ক) প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র<br>(খ) আবেদনের সাথে দাখিলকৃত দলিলাদি | বিধি ৫(১)(গ) |
| ৩. | আবেদনকারী প্রতিষ্ঠানের কেবল কোনো একটি বিভাগ, শাখা, বা উপশাখাকে অথরাইজড ইকোনোমিক অপারেটর (AEO)-এর স্বীকৃতি সনদ প্রদানের জন্য আবেদন করেছে কি? | (ক) প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র<br>(খ) আবেদনের সাথে দাখিলকৃত দলিলাদি | বিধি ৫(১)(ঘ) |
| ৪. | অথরাইজড ইকোনোমিক অপারেটর (AEO)-এর স্বীকৃতি সনদের জন্য আবেদনকারী বাংলাদেশে সুপ্রতিষ্ঠিত কি না? | (ক) হালনাগাদ ট্রেড লাইসেন্স এর কপি<br>(খ) মূল্য সংযোজন কর নিবন্ধন<br>(গ) আয়কর নিবন্ধন সনদেও কপি<br>(ঘ) যৌথ মূধন কোম্পানী ও ফার্মসমূহের পরিদপ্তর (RJSC) কর্তৃক প্রদত্ত নিবন্ধন সনদেও কপি (প্রযোজ্য ক্ষেত্রে)<br>(ঙ) আবেদনকারীর আমদানি বা রপ্তানি পণ্য লোডিং, আনলোডিং, সংরক্ষণ ও সরবরাহ স্থলের বিবরণসহ ব্যবসায় পরিচালনার স্থান/স্থাপনার বিশদ বিবরণ ও ব্লু-প্রিন্ট এর কপি (প্রযোজ্য ক্ষেত্রে)<br>(চ) আবেদনকারী প্রতিষ্ঠানের ব্যবসার পরিচালনা সংক্রান্ত সকল ব্যাংক হিসাব নম্বর ও উক্ত হিসাবসমূহের বিগত ৩(তিন) বছরের ব্যাংক হিসাব বিবরণী<br>(ছ) সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কমিশনারেট বা দপ্তর/কাস্টমস বন্ড কমিশনারেট/কাস্টমস হউস বা কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট কর্তৃক সম্পন্নকৃত হালনাগাদ নিরীক্ষার প্রতিবেদন এর কপি (প্রযোজ্য ক্ষেত্রে)<br>(জ) স্বীকৃত চার্টার্ড অ্যাকাউন্টেন্ট ফার্ম কর্তৃক সম্পাদিত হালনাগাদ | বিধি ৫(১)(ঙ) |

| ক্রম | বিবেচ্য ক্ষেত্রেসমূহ | প্রমাণক | প্রযোজ্য বিধি |
|---|---|---|---|
| | | বার্ষিক নিরীক্ষা প্রতিবেদন এর কপি (প্রযোজ্য ক্ষেত্রে) | |
| ৫. | আবেদনকারীকে ধারাবাহিকভাবে ন্যূনতম ৪(চার) বছর বাংলাদেশে ব্যবসা পরিচালনা করছে কি? | (ক) স্বীকৃত চার্টার্ড অ্যাকাউন্টেন্ট ফার্ম কর্তৃক সম্পাদিত নিরীক্ষা প্রতিবেদন (প্রযোজ্য ক্ষেত্রে)<br>বা<br>(খ) ট্রেড লাইসেন্স বা<br>(গ) ভ্যাট নিবন্ধন সনদ ও দাখিলপত্র জমার প্রমাণক<br>বা<br>(ঘ) অন্য কোনো গ্রহণযোগ্য প্রমাণক দলিলাদি | বিধি ৫(১)(চ) |
| ৬. | আবেদনকারীকে আবেদনের পূর্বেই কাস্টমস এবং মূল্য সংযোজন কর সংশ্লিষ্ট আইনের আওতায় নিরঙ্কুশ বকেয়া (যদি থাকে) রাজস্ব আছে কি? | (ক) কাস্টমস কম্পিউটার সিস্টেম হতে সংগৃহীত তথ্য<br>(খ) Integrated VAT Automated System-IVAS হতে সংগৃহীত তথ্য<br>(গ) কাস্টম হাউস এর পত্র হতে সংগৃহীত তথ্য (প্রযোজ্য ক্ষেত্রে)<br>(ঘ) সংশ্লিষ্ট কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট এর পত্র (প্রযোজ্য ক্ষেত্রে) | বিধি ৫(১)(ছ) |
| ৭. | কোম্পানী হলে অনুমোদিত মূলধনের পরিমাণ অন্যূন ৩০(ত্রিশ) কোটি টাকা কি? (প্রযোজ্য ক্ষেত্রে) | কোম্পানীর সংঘবিধি, সংঘ স্মারক, সার্টিফিকেট অব ইনকরপোরেশন | বিধি ৫(১)(জ) |
| ৮. | কোম্পানী হলে পরিশোধিত মূলধনের অন্যূন ১০(দশ) কোটি টাকা অথবা বার্ষিক টার্নওভারের পরিমাণ আবেদনের তারিখের পূর্ববর্তী ৩(তিন) বছর অব্যাহতভাবে অন্যূন ১০(দশ) কোটি টাকা কি? (প্রযোজ্য ক্ষেত্রে) | (ক) কোম্পানীর সংঘবিধি, সংঘ স্মারক, সার্টিফিকেট অব ইনকরপোরেশন<br>(খ) অডিট ফার্ম কর্তৃক প্রদত্ত নিরীক্ষা প্রতিবেদন | বিধি ৫(১)(জ) |
| ৯. | কোম্পানী ব্যতীত অন্য কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের ক্ষেত্রে মূলধনের পরিমাণ অন্যূন ১০(দশ) কোটি টাকা এবং বার্ষিক টার্নওভারের পরিমাণ আবেদনের তারিখের পূর্ববর্তী ৩(তিন) বছর অব্যাহতভাবে অন্যূন ৫(পাঁচ) কোটি টাকা কি? (প্রযোজ্য ক্ষেত্রে) | (ক) সংশ্লিষ্ট লাইসেন্স এর কপি (প্রযোজ্য ক্ষেত্রে)<br>(খ) নিরীক্ষা প্রতিবেদন (প্রযোজ্য ক্ষেত্রে)<br>(গ) ব্যাংক হিসাব বিবরণী<br>(ঘ) প্রতিষ্ঠানের হিসাব বহির কপি (প্রযোজ্য ক্ষেত্রে) | বিধি ৫(১)(জ) |
| ১০. | অতি ক্ষুদ্র বা মাইক্রো শিল্প বা কুটির শিল্প বা ক্ষুদ্র শিল্প বা হস্ত ও কারুশিল্প এর ক্ষেত্রে মূলধন ও টার্নওভারের শর্তাদির পরিবর্তে বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন আইন, ২০২৩ এর আওতায় যেধরণের শিল্প হিসেবে স্বীকৃতিপ্রাপ্ত তার প্রমাণক দলিলাদি উপস্থাপন করা হয়েছে কি? | বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন আইন, ২০২৩ এর আওতায় যেধরণের শিল্প হিসেবে স্বীকৃতিপ্রাপ্ত তার প্রমাণক দলিলাদি | বিধি ৫(১)(জ) |
| ১১. | লজিস্টিকস অপারেটর হিসেবে স্বীকৃতি সনদ প্রাপ্তির আবেদন করলে মূলধন ও টার্নওভারের শর্তাদির পরিবর্তে যে ধরনের লজিস্টিকস সেবা প্রদানের জন্য | লজিস্টিক অপারেটর (যেমন, কাস্টমস কর্তৃক প্রদত্ত সিঅ্যান্ডএফ, শিপ্প এজেন্ট, ফ্রেইট ফরওয়ার্ডার্স | বিধি ৫(১)(জ) |

| ক্রম | বিবেচ্য ক্ষেত্রেসমূহ | প্রমাণক | প্রযোজ্য বিধি |
|---|---|---|---|
| | যে ধরনের লাইসেন্স প্রয়োজন সে ধরনের লজিস্টিকস অপারেটর হিসেবে স্বীকৃতি প্রাপ্তির জন্য সে ধরনের লাইসেন্স এর হালনাগাদ কপি (যেমন, কাস্টমস কর্তৃক প্রদত্ত সিঅ্যান্ডএফ, শিপ্প এজেন্ট, ফ্রেইট ফরওয়ার্ডার্স লাইসেন্স) আছে কি? | লাইসেন্স) হিসেবে স্বীকৃতি প্রাপ্তির লাইসেন্স এর হালনাগাদ কপি | |
| ১২. | লজিস্টিকস অপারেটর হিসেবে স্বীকৃতি সনদ প্রাপ্তির জন্য বিগত ৩(তিন) বছরে বার্ষিক গড়ে কমপক্ষে ৫০০টি করে আমদানি বা রপ্তানি বা ট্রানজিট পণ্যচালান হ্যান্ডলিং এর অভিজ্ঞতা (যেমন, বিল অব এন্ট্রি এর কপি) আছে কি? | আবেদনের সাথে উপস্থাপিত বিগত ৩(তিন) বছরে বার্ষিক গড়ে কমপক্ষে ৫০০টি পণ্যচালান হ্যান্ডলিং এর সারসংক্ষেপ ও প্রমাণক (যেমন, বিল অব এন্ট্রি এর কপি) (প্রযোজ্য ক্ষেত্রে) | বিধি ৫(১)(জ) |
| ১৩. | আবেদনকারী উৎপাদক ব্যতীত কেবল আমদানিকারক বা রপ্তানিকারক হইলে আবেদনের তারিখের পূর্ববর্তী ৩(তিন) বছর সময়ে গড়ে বার্ষিক আমদানির অথবা রপ্তানির পরিমাণ অন্যূন ১০(দশ) কোটি টাকা আছে কি? | আবেদনের সাথে উপস্থাপিত বিগত তিন বছরের আমদানি/রপ্তানি সারসংক্ষেপ এবং প্রযোজ্যক্ষেত্রে, প্রমাণক | বিধি ৫(১)(জ) |
| ১৪. | অতি ক্ষুদ্র বা মাইক্রো শিল্প বা কুটির শিল্প বা ক্ষুদ্র শিল্প বা হস্ত ও কারুশিল্প এর ক্ষেত্রে আমদানি বা রপ্তানির পরিমাণের শর্তের পরিবর্তে বিগত ৩(তিন) বার্ষিক গড়ে ২০(বিশ)টি করে পণ্যচালান আমদানি বা রপ্তানি করার অভিজ্ঞতা রয়েছে কি? | আবেদনের সাথে উপস্থাপিত বিগত তিন বছরের আমদানি/রপ্তানি সারসংক্ষেপ এবং প্রযোজ্য ক্ষেত্রে, প্রমাণক | বিধি ৫(১)(ঝ) |
| ১৫. | আবেদনকারীর ব্যবসায়িক কার্যক্রমের তথ্য যেমন, পণ্য আমদানি, রপ্তানি, সরবররাহ, প্রাসঙ্গিক অন্যান্য তথ্য এবং হিসাব ইলেকট্রনিক পদ্ধতিতে জাতীয় রাজস্ব বোর্ড অনুমোদিত সফটওয়্যারের মাধ্যমে সংরক্ষণের ব্যবস্থা আছে কি? | (ক) অনুমোদিত সফটওয়্যার ক্রয়/সংগ্রহের প্রমাণক<br>(খ) সরেজমিনে যাচাই | বিধি ৫(১)(ঞ) |
| ১৬. | কাস্টমস কর্তৃপক্ষকে আবেদনকারীর ব্যবসায়িক কার্যক্রমের তথ্য এবং হিসাব যাচাই ও তদারকির জন্য চাহিদা মোতাবেক আবেদনকারী প্রতিষ্ঠানের ইলেকট্রনিক সিস্টেমে প্রয়োজনীয় প্রবেশাধিকার প্রদানের ব্যবস্থা রয়েছে কি? | আইডি ও অ্যাকসেস প্রদানের প্রমাণক (যেমন, আইডি ও পাসওয়ার্ড সরবরাহ) | বিধি ৫(১)(ঞ) |
| ১৭. | Self-Assessment Questionnaire (SAQ) (তপশিল-১)-তে বর্ণিত যোগ্যতাসমূহ যথাযথ পরিপালিত হয়েছে কি না? (SAQ-এর বিস্তারিত মূল্যায়ন পৃথকভাবে সংযুক্ত করতে হবে) | দাখিলকৃত Self-Assessment Questionnaire (SAQ) | বিধি ৫(১)(ট) |
| ১৮. | কাস্টমস কম্পিউটার সিস্টেম এবং Integrated VAT Automated System-IVAS এবং অন্যান্য অনলাইন সিস্টেম (যাতে কাস্টমস কর্মকর্তাদের প্রবেশাধিকার বা Access রয়েছে) (যেমন, বাংলাদেশ ব্যাংক এর ড্যাশবোর্ড) হতে সংশ্লিষ্ট তথ্য-উপাত্ত সংগ্রহ ও বিশ্লেষণ করা হয়েছে কি না? | (ক) কাস্টমস কম্পিউটার সিস্টেম হতে সংগৃহীত তথ্য ও তার সারসংক্ষেপ<br>(খ) Integrated VAT Automated System-IVAS হতে সংগৃহীত তথ্য ও তার সারসংক্ষেপ<br>(গ) অন্যান্য অনলাইন সিস্টেম হতে সংগৃহীত তথ্য ও তার সারসংক্ষেপ (প্রযোজ্যক্ষেত্রে) | বিধি ৭(৬) |
| ১৯. | অতিরিক্ত কোনো তথ্য-উপাত্ত বা বিশেষ কোনো বিষয়ে তথ্য সংগ্রহ করার প্রয়োজন আছে কি? (প্রযোজ্য ক্ষেত্রে) | সংশ্লিষ্ট কাস্টমস বা কাস্টমস, এক্সাইজ ভ্যাট দপ্তর বা অন্য কোনো সরকারী দপ্তর, সংস্থা, কর্তৃপক্ষ বা প্রতিষ্ঠান হতে প্রাপ্ত তথ্য | বিধি ৭(৬) |

| ক্রম | বিবেচ্য ক্ষেত্রেসমূহ | প্রমাণক | প্রযোজ্য বিধি |
|---|---|---|---|
| | প্রযোজ্য ক্ষেত্রে, সংশ্লিষ্ট কাস্টমস বা কাস্টমস, এক্সাইজ ভ্যাট দপ্তর বা অন্য কোনো সরকারী দপ্তর, সংস্থা, কর্তৃপক্ষ বা প্রতিষ্ঠান বরাবর লিখিত অনুরোধ প্রেরণ, তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ করা হয়েছে কি? | | |
| **আইনগত যোগ্যতা মূল্যায়ন** | | | |
| ২০. | কাস্টমস, মূল্য সংযোজন কর এবং অন্যান্য প্রাসঙ্গিক আইনের আওতায় আবেদনকারীর আবেদন দাখিলের পূর্ববর্তী ৩(তিন) বছরের অপরাধ সংঘটনের তথ্য, আমদানি বা রপ্তানি সংশ্লিষ্ট তথ্য, শুল্ক ও কর বকেয়া, শুল্ক ও কর ফাঁকির প্রমাণিত অপরাধ, জরিমানা বা অর্থদন্ড, দাবিনামা এবং অন্যান্য প্রাসঙ্গিক তথ্যাদি সংগ্রহ ও বিশ্লেষণ করা হয়েছে কি? | (ক) কাস্টমস কম্পিউটার সিস্টেম হতে সংগৃহীত তথ্য ও তার সারসংক্ষেপ<br>(খ) Integrated VAT Automated System-IVAS হতে সংগৃহীত তথ্য ও তার সারসংক্ষেপ<br>(গ) অন্যান্য অনলাইন সিস্টেম হতে সংগৃহীত তথ্য ও তার সারসংক্ষেপ (প্রযোজ্যক্ষেত্রে)<br>(ঘ) সংশ্লিষ্ট কাস্টমস বা কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট দপ্তর বা অন্য কোনো সরকারী সংস্থা, কর্তৃপক্ষ বা প্রতিষ্ঠান হতে প্রাপ্ত তথ্য | বিধি ৭(৬) |
| ২১. | আবেদনকারীর আবেদন দাখিলের পূর্ববর্তী ৩(তিন) বছর ব্যবসায়িক কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে কাস্টমস এবং মূল্য সংযোজন কর আইনের আওতায় শুল্ক ও কর ফাঁকির কোন প্রমাণিত অপরাধ রয়েছে কি? | (ক) কাস্টমস কম্পিউটার সিস্টেম হতে সংগৃহীত তথ্য ও তার সারসংক্ষেপ<br>(খ) Integrated VAT Automated System-IVAS হতে সংগৃহীত তথ্য ও তার সারসংক্ষেপ<br>(গ) অন্যান্য অনলাইন সিস্টেম হতে সংগৃহীত তথ্য ও তার সারসংক্ষেপ (প্রযোজ্যক্ষেত্রে)<br>(ঘ) সংশ্লিষ্ট কাস্টমস বা কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট দপ্তর বা অন্য কোনো সরকারী সংস্থা, কর্তৃপক্ষ বা প্রতিষ্ঠান হতে প্রাপ্ত তথ্য | বিধি ৫(২)(ক) |
| ২২. | আবেদনের তারিখ হইতে বিগত ৩(তিন) বছর মেয়াদে আবেদনকারীর বিরুদ্ধে অসত্য ঘোষণা (Un-true statement), জাল-জালিয়াতি, চোরাচালান, কর্তনকৃত মূসক সরকারি কোষাগারে জমাদান না করা, প্রভৃতি গুরুতর অভিযোগে কোনো কারণ দর্শানো নোটিশ আছে কি না? | (ক) কাস্টমস কম্পিউটার সিস্টেম হতে সংগৃহীত তথ্য ও তার সারসংক্ষেপ<br>(খ) Integrated VAT Automated System-IVAS হতে সংগৃহীত তথ্য ও তার সারসংক্ষেপ<br>(গ) সংশ্লিষ্ট কাস্টমস বা কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট দপ্তর হতে প্রাপ্ত তথ্য | বিধি ৫(২)(খ) |
| ২৩. | ইতঃপূর্বে আবেদনকারীকে অসত্য ঘোষণা (Un-true statement), জাল-জালিয়াতি, চোরাচালান, কর্তনকৃত মূসক সরকারি কোষাগারে জমাদান না করা, প্রভৃতি গুরুতর অভিযোগে কোনো কারণ দর্শানো নোটিশ জারি করা হলে উক্ত কারণ দর্শানো নোটিশের বিপরীতে প্রতিষ্ঠান নির্দোষ প্রমাণিত | বিচারাদেশের কপি | বিধি ৫(২)(খ) |

| ক্রম | বিবেচ্য ক্ষেত্রেসমূহ | প্রমাণক | প্রযোজ্য বিধি |
|---|---|---|---|
| | হয়েছে কি না? | | |
| ২৪. | আবেদনের তারিখ হতে ৩(তিন) বছর মেয়াদে আবেদনকারীর বিরুদ্ধে কাস্টমস এবং মূসক সংক্রান্ত কোন মামলায় (আদালতে বিচারাধীন মামলা ব্যতীত) জরিমানার পরিমাণ সংশ্লিষ্ট মামলায় জড়িত মোট পণ্য বা সেবা মূল্যের ১%(এক শতাংশ) এর অধিক আছে কি? | (ক) কাস্টমস কম্পিউটার সিস্টেম হতে সংগৃহীত তথ্য ও তার সারসংক্ষেপ<br>(খ) Integrated VAT Automated System-IVAS হতে সংগৃহীত তথ্য ও তার সারসংক্ষেপ<br>(গ) সংশ্লিষ্ট কাস্টমস বা কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট দপ্তর হতে প্রাপ্ত তথ্য | বিধি ৫(২)(গ) |
| ২৫. | আবেদনকারীর কোনো সহযোগী প্রতিষ্ঠান বিগত ৩(তিন) বছরে শুল্ক ও কর বা অন্যান্য কর ফাঁকি সংশ্লিষ্ট কোনো মামলায় দন্ডিত হয়েছে কি? | প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত বিবৃতি (তবে প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট দপ্তর হতে বা গ্রহণযোগ্য অন্য কোনো মাধ্যম হতে যাচাই করা যাবে) | বিধি ৫(২)(ঘ) |
| ২৬. | পূর্বে অথরাইজড ইকোনোমিক অপারেটর (AEO)-এর স্বীকৃতি প্রাপ্ত কোনো প্রতিষ্ঠান যার প্রমাণিত অপরাধে কারণে পূর্বের স্বীকৃতি সনদ স্থগিত বা বাতিল করা হয়েছে এরূপ প্রতিষ্ঠানের কোনো সহযোগী প্রতিষ্ঠান অথরাইজড ইকোনোমিক অপারেটর (AEO)-এর স্বীকৃতির জন্য আবেদন করেছে কি? | প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত বিবৃতি (তবে প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট দপ্তর হতে বা গ্রহণযোগ্য অন্য কোনো মাধ্যম হতে যাচাই করা যাবে) | বিধি ৫(২)(ঘ) |
| ২৭. | আবেদনকারীর নিম্নোক্ত নিজস্ব প্রতিরক্ষণমূলক ব্যবস্থা আছে কি, যথা:-<br>(i) কোনো অনিয়ম বা ক্রটি প্রতিষ্ঠান কর্তৃক নিজস্ব ব্যবস্থায় সনাক্তকরণ এবং তা কাস্টমস কর্তৃপক্ষ বা প্রযোজ্য ক্ষেত্রে, অন্যান্য নিয়ন্ত্রক সংস্থাকে অবহিত করা?<br>(ii) প্রতিষ্ঠান কর্তৃক নিজস্ব ব্যবস্থায় অনিয়ম বা ক্রুটি উদঘাটন বা শনাক্ত হওয়া মাত্রই উহার বিষয়ে প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ?<br>(iii) কোনো ত্রুটি শনাক্ত হইলে উহার পুনরাবৃত্তি যাতে না ঘটে অথবা যদি পুনরাবৃত্তি ঘটলে তাৎক্ষণাৎ প্রতিকার করার ব্যবস্থা? | আবেদনকারী প্রতিষ্ঠানের যথাযথ কার্যপ্রণালী সমৃদ্ধ SOP বা অপারেশন ম্যানুয়াল | বিধি ৫(২)(ঙ) |
| | **হিসাব সংক্রান্ত, প্রশাসনিক, বাণিজ্যিক ও পরিবহন সংশ্লিষ্ট দলিলাদির ব্যবস্থাপনা সংক্রান্ত মূল্যায়ন** | | |
| ২৮. | আবেদনকারী প্রতিষ্ঠান কর্তৃক Generally Accepted Accounting Principle (GAAP) এবং International Financial Reporting Standard (IFRS) এর মানদন্ডের সাথে সামঞ্জস্যপূর্ণ হিসাব পদ্ধতি রাখা হয় কি? | (ক) প্রতিষ্ঠানের বিবৃতি<br>(খ) হিসাব রক্ষণ পদ্ধতি সরেজমিনে যাচাই<br>(গ) নিরীক্ষা প্রতিবেদন যাচাই (প্রযোজ্য ক্ষেত্রে)<br>(ঘ) স্বাধীন তৃতীয় পক্ষের সার্টিফিকেশন (third party certificate) | বিধি ৫(৩)(ক) |
| ২৯. | ব্যবসায়ের ব্যাপ্তি ও প্রকৃতি এবং পণ্য ব্যবস্থাপনা যথাযথ রাখার স্বার্থে প্রয়োজনীয় প্রশাসনিক কাঠামো এবং অনিয়ম উদঘাটনে সক্ষম অভ্যন্তরীণ নিয়ন্ত্রণমূলক ব্যবস্থা রয়েছে কি? | (ক) আবেদনকারী প্রতিষ্ঠানের সাংগঠনিক কাঠামো<br>(খ) আবেদনকারী প্রতিষ্ঠানের যথাযথ কার্যপ্রণালী সমৃদ্ধ SOP বা অপারেশন | বিধি ৫(৩)(খ) |

| ক্রম | বিবেচ্য ক্ষেত্রেসমূহ | প্রমাণক | প্রযোজ্য বিধি |
|---|---|---|---|
| | | ম্যানুয়াল | |
| ৩০. | আমদানি-রপ্তানির সাথে সংশ্লিষ্ট লাইসেন্স এবং অনুমতি (Permit) ব্যবস্থাপনার লক্ষ্যে সন্তোষজনক কার্যপ্রণালী (SOP) আছে কি? | আবেদনকারী প্রতিষ্ঠানের যথাযথ কার্যপ্রণালী সমৃদ্ধ SOP বা অপারেশন ম্যানুয়াল | বিধি ৫(৩)(গ) |
| ৩১. | প্রতিষ্ঠানের দলিলাদি ও রেকর্ড সংরক্ষণের জন্য সন্তোষজনক পদ্ধতি এবং উক্ত রেকর্ড ও দলিলাদি আইনে উল্লিখিত সময় পর্যন্ত সংরক্ষরণের জন্য প্রয়োজনীয় সুরক্ষামূলক ব্যবস্থা রয়েছে কি ? | (ক) আবেদনকারী প্রতিষ্ঠানের যথাযথ কার্যপ্রণালী সমৃদ্ধ SOP বা অপারেশন ম্যানুয়াল<br>(খ) প্রতিষ্ঠানের বিবৃতি<br>(গ) প্রযোজ্য ক্ষেত্রে, সরেজমিনে যাচাই | বিধি ৫(৩)(ঘ) |
| ৩২. | যথাযথ নিয়ন্ত্রণ পরিচালনে কোনো প্রতিবন্ধকতা তৈরি হলে কাস্টমস কর্তৃপক্ষকে অবহিত করার লক্ষ্যে প্রতিষ্ঠানে কর্মরতদের সচেতনতা এবং যথাযথ কাস্টমস কর্তৃপক্ষকে তৎক্ষণাৎ তা অবহিত করার ব্যবস্থা রয়েছে কি? | (ক) আবেদনকারী প্রতিষ্ঠানের যথাযথ কার্যপ্রণালী সমৃদ্ধ SOP বা অপারেশন ম্যানুয়াল<br>(খ) প্রশিক্ষণ ও সচেতনতামূলক কর্মকান্ডের প্রমাণক (যেমন, আয়োজিত প্রশিক্ষণের প্রশিক্ষণার্থীদের স্বাক্ষর সম্বলিত উপস্থিতি তালিকা, প্রশিক্ষণ ম্যাটারিয়ালস) | বিধি ৫(৩)(ঙ) |
| ৩৩. | কাস্টমস কর্তৃপক্ষের নিকট দাখিলতব্য ঘোষণার যথার্থতা যাচাই করার যথোপযুক্ত পদ্ধতি রয়েছে কি? | (ক) প্রতিষ্ঠানের প্রয়োজনীয় জ্ঞান সমৃদ্ধ দক্ষ কর্মকর্তা (যেমন, কাস্টমস কর্মকর্তা হিসেবে কাজের অভিজ্ঞতা, কাস্টমস এজেন্ট বা কাস্টমস সরকার হিসেবে কাজের অভিজ্ঞা, প্রভৃতি) নিয়োজিত থাকার প্রমাণক<br>(খ) আবেদনকারী প্রতিষ্ঠানের যথাযথ কার্যপ্রণালী সমৃদ্ধ SOP বা অপারেশন ম্যানুয়াল | বিধি ৫(৩)(চ) |
| ৩৪. | আবেদনকারী প্রতিষ্ঠানের তথ্যের নিরাপত্তা এবং কম্পিউটার সিস্টেমে অনধিকার প্রবেশ রোধকল্পে প্রয়োজনীয় তথ্য-প্রযুক্তি নিরাপত্তা ব্যবস্থা রয়েছে কি? | (ক) আবেদনকারী প্রতিষ্ঠানের যথাযথ কার্যপ্রণালী সমৃদ্ধ SOP বা অপারেশন ম্যানুয়াল<br>(খ) হালনাগাদ তথ্য-প্রযুক্তি নিরাপত্তা ব্যবস্থা ও ফায়ারওয়্যাল এবং হালনাগাদ অ্যান্টি-ভাইরাস | বিধি ৫(৩)(জ) |
| ৩৫. | ব্যাংক হিসাব বা মোবাইল ফাইন্যান্সিয়্যাল সার্ভিসেস (MFS)-এর মাধ্যমে প্রতিষ্ঠানের মোট আর্থিক লেনদেনের অন্তত ৭০%(সত্তর) শতাংশ করার ব্যবস্থা রয়েছে কি? | (ক) প্রতিষ্ঠানের ব্যাংক হিসাব বা মোবাইল ব্যাংকিং হিসাব বিবরণী<br>(খ) অডিট ফার্ম কর্তৃক প্রদত্ত নিরীক্ষা প্রতিবেদন (প্রযোজ্য ক্ষেত্রে) | বিধি ৫(৩)(জ) |
| | **আর্থিক স্বচ্ছলতা সংক্রান্ত মূল্যায়ন** | | |
| ৩৬. | আবেদনকারীর আবেদন দাখিলের পূর্ববর্তী ৩(তিন) বছর অব্যাহতভাবে আর্থিক স্বচ্ছলতা রয়েছে কি? | ব্যাংক এবং আর্থিক নিরীক্ষক ফার্ম কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার সনদ | বিধি ৫(৪)(ক) ও (খ) |
| ৩৭. | আবেদনকারী আবেদন দাখিলের পূর্ববর্তী ৩(তিন) বছর অব্যাহতভাবে কাস্টমস কর্তৃপক্ষের কোনো পাওনা পরিশোধে ব্যর্থ হয়নি মর্মে প্রতিষ্ঠান কর্তৃপক্ষ নিজস্ব হলফনামা দাখিল করেছে কি? | প্রতিষ্ঠানের হলফনামা | বিধি ৫(৩)(গ) |
| | **নিরাপত্তা সংক্রান্ত মূল্যায়ন** | | |

| ক্রম | বিবেচ্য ক্ষেত্রেসমূহ | প্রমাণক | প্রযোজ্য বিধি |
|---|---|---|---|
| ৩৮. | আবেদনকারীর পণ্য ও তা বহনকারী যানবাহন রাখা, পণ্য লোডিং-আনলোডিং এবং পরিবহনকালে কী পদ্ধতি অনুসরণ করা হবে তার বিস্তারিত বর্ণনাসহ নিরাপত্তা নীতিমালা এবং কার্যপদ্ধতির বিস্তারিত কার্যপদ্ধতি ম্যানুয়াল আছে কি, | নিরাপত্তা নীতিমালা এবং কার্যপদ্ধতির বিস্তারিত ম্যানুয়াল | বিধি ৫(৫)(ক) |
| ৩৯. | কার্গো ও যানবাহনে ব্যবহারযোগ্য ইলেকট্রিক সিল কীভাবে লাগানো হবে এবং উক্ত সিল কীভাবে ব্যবস্থিত হবে তা প্রস্তুতকৃত কার্যপদ্ধতি ম্যানুয়ালে অন্তর্ভুক্ত রয়েছে কি? | আবেদনকারী প্রতিষ্ঠানের যথাযথ কার্যপ্রণালী অপারেশন ম্যানুয়াল | বিধি ৫(৫)(ক) |
| ৪০. | পণ্য পরিবহন, হ্যান্ডলিং এবং স্টোরেজের ক্ষেত্রে প্রক্রিয়াগত অখন্ডতা ও নিরাপত্তা নিশ্চিতের জন্য প্রয়োজনীয় নিরাপত্তামূলক ব্যবস্থা রয়েছে কি? | (ক) নিরাপত্তা নীতিমালা এবং কার্যপদ্ধতির বিস্তারিত ম্যানুয়াল<br>(খ) সরেজমিনে যাচাই (প্রযোজ্য ক্ষেত্রে) | বিধি ৫(৫)(ক) |
| ৪১. | পণ্যচালানের সাথে সংশ্লিষ্ট সকল দলিলাদির বৈধতা, পূর্ণাঙ্গতা, যথার্থতা এবং অসত্য তথ্য পরিবেশন বা তথ্য বেহাত হওয়ার ঝুঁকির বিরুদ্ধে পর্যাপ্ত নিরাপত্তামূলক ব্যবস্থাসহ ডকুমেন্টস ম্যানেজমেন্ট সিস্টেম রয়েছে কি? | (ক) নিরাপত্তা নীতিমালা এবং কার্যপদ্ধতির বিস্তারিত ম্যানুয়াল<br>(খ) সরেজমিনে যাচাই (প্রযোজ্য ক্ষেত্রে) | বিধি ৫(৫)(ক) |
| ৪২. | ব্যবসায়িক অংশীজনদের নিকট হতে নির্ভুল তথ্য ও দলিলাদি প্রাপ্তি এবং কাস্টমস কর্তৃপক্ষের নির্দেশনার আলোকে উক্ত দলিলাদির বিষয়ে চাহিবামাত্র বা স্বতঃপ্রণোদিত হয়ে রিপোর্ট প্রদানের ব্যবস্থা রয়েছে কি? | (ক) নিরাপত্তা নীতিমালা এবং কার্যপদ্ধতির বিস্তারিত ম্যানুয়াল<br>(খ) সরেজমিনে যাচাই (প্রযোজ্য ক্ষেত্রে) | বিধি ৫(৫)(ক) |
| ৪৩. | আমদানি বা রপ্তানি বা ট্রানজিট ম্যানিফেস্ট এর তথ্যের সহিত আমদানি বা রপ্তানি বা ট্রানজিট কার্গো রিকনসাইল (Reconcile) এর ব্যবস্থা রয়ছে কি? | কার্যপদ্ধতির বিস্তারিত ম্যানুয়াল | বিধি ৫(৫)(ক) |
| ৪৪. | আমদানি বা রপ্তানি বা ব্যবসায় সংক্রান্ত দলিলাদিতে পণ্যের ওজন, লেবেল, মার্কস, সংখ্যা, আর্ট নম্বর, পার্ট নম্বর সুনির্দিষ্টভাবে উল্লেখ করার ব্যবস্থা রয়েছে কি? | কার্যপদ্ধতির বিস্তারিত ম্যানুয়াল | বিধি ৫(৫)(ক) |
| ৪৫. | ক্রয়/সরবরাহ আদেশের সাথে আমদানি বা রপ্তানি বা ট্রানজিট কার্গো ভেরিফিকেশন (Verification) করার ব্যবস্থা রয়েছে কি? | কার্যপদ্ধতির বিস্তারিত ম্যানুয়াল | বিধি ৫(৫)(ক) |
| ৪৬. | কার্গো প্রাপ্তি বা রিলিজের পূর্বে পণ্যচালান পরিবহনের সাথে সংশ্লিষ্ট চালক ও যানবাহন চিহ্নিতকরণ ও তথ্য প্রাপ্তির ব্যবস্থা রয়েছে ডশ? | কার্যপদ্ধতির বিস্তারিত ম্যানুয়াল | বিধি ৫(৫)(ক) |
| ৪৭. | পণ্যচালানে কম প্রাপ্তি (Shortage), অতিরিক্ত প্রাপ্তি (Overage), এবং অন্যান্য অসঙ্গতি বা অনিয়ম চিহ্নিতকরণ ও তা প্রতিকারের ব্যবস্থা রয়েছে কি? | কার্যপদ্ধতির বিস্তারিত ম্যানুয়াল | বিধি ৫(৫)(ক) |
| **প্রাঙ্গনের নিরাপত্তা:** | | | |
| ৪৮. | প্রাঙ্গনের অননুমোদিত ব্যক্তি বা যানবাহনের প্রবেশের কোন সুযোগ রয়েছে কি? | (ক) নিরাপত্তা নীতিমালা এবং কার্যপদ্ধতির বিস্তারিত ম্যানুয়াল<br>(খ) সরেজমিনে যাচাই | বিধি ৫(৫)(খ) |
| ৪৯. | প্রতিষ্ঠানের সকল প্রবেশদ্বার, সীমানা প্রাচীর এবং জানালা তালাবদ্ধ (Lock) করিবার ব্যবস্থা বা | (ক) নিরাপত্তা নীতিমালা এবং কার্যপদ্ধতির বিস্তারিত ম্যানুয়াল | বিধি ৫(৫)(খ) |

| ক্রম | বিবেচ্য ক্ষেত্রেসমূহ | প্রমাণক | প্রযোজ্য বিধি |
|---|---|---|---|
| | অননুমোদিত প্রবেশরোধে অ্যাকসেস কন্ট্রোল সিস্টেম থাকা এবং উক্ত সিস্টেম তদারকির প্রয়োজনীয় ব্যবস্থা রয়েছে কি? | (খ) সরেজমিনে যাচাই | |
| ৫০. | কেবল অনুমোদিত ব্যক্তি কর্তৃক লক (Lock) করার বা তা খোলার চাবি রাখার ব্যবস্থা রয়েছে কি? | (ক) নিরাপত্তা নীতিমালা এবং কার্যপদ্ধতির বিস্তারিত ম্যানুয়াল<br>(খ) সরেজমিনে যাচাই | বিধি ৫(৫)(খ) |
| ৫১. | প্রবেশ ও প্রস্থানদ্বার, কার্গো হ্যান্ডলিং ও গুদাম এলাকা, সীমানা প্রাচীর এবং পার্কিং এলাকায় পর্যাপ্ত আলোর ব্যবস্থা রয়েছে কি? | (ক) নিরাপত্তা নীতিমালা এবং কার্যপদ্ধতির বিস্তারিত ম্যানুয়াল<br>(খ) সরেজমিনে যাচাই | বিধি ৫(৫)(খ) |
| ৫২. | পণ্যচালানবাহী যানবাহন বা অনুমোদিত ব্যক্তির প্রবেশ ও প্রস্থান গেইটে প্রয়োজনীয় নিরাপত্তারক্ষী বা অটোমেটেড সিস্টেমসহ উহা তদারকির প্রয়োজনীয় ব্যবস্থা, সংরক্ষিত স্থানে প্রবেশের পূর্বে কেবল অনুমোদিত স্থানে পণ্যবাহী যানবাহন পার্কিং করার ব্যবস্থা এবং প্রযোজ্য ক্ষেত্রে, কাস্টমস কর্তৃপক্ষের অনুরোধে উক্ত যানবাহনের নিবন্ধন নম্বর সরবরাহ করার ব্যবস্থা রয়েছে কি? | (ক) নিরাপত্তা নীতিমালা এবং কার্যপদ্ধতির বিস্তারিত ম্যানুয়াল<br>(খ) সরেজমিনে যাচাই | বিধি ৫(৫)(খ) |
| ৫৩. | যথাযথ পরিচয় যাচাইয়ান্তে কেবল অনুমোদিত ব্যক্তি, যানবাহন এবং পণ্য প্রবেশ বা প্রস্থান করা ব্যবস্থা আছে কি? | (ক) নিরাপত্তা নীতিমালা এবং কার্যপদ্ধতির বিস্তারিত ম্যানুয়াল<br>(খ) সরেজমিনে যাচাই | বিধি ৫(৫)(খ) |
| ৫৪. | কোন স্তরের (Level) ব্যক্তি কর্তৃক কোন ধরনের ডকুমেন্টস ব্যবস্থিত হবে এবং পণ্যাগারে কে কে প্রবেশ করতে পারবে তা সুনির্দিষ্ট রয়েছে কি? | (ক) নিরাপত্তা নীতিমালা এবং কার্যপদ্ধতির বিস্তারিত ম্যানুয়াল<br>(খ) সরেজমিনে যাচাই | বিধি ৫(৫)(খ) |
| ৫৫. | প্রবেশ নিয়ন্ত্রণের জন্য পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থা রয়েছে কি? | (ক) নিরাপত্তা নীতিমালা এবং কার্যপদ্ধতির বিস্তারিত ম্যানুয়াল<br>(খ) সরেজমিনে যাচাই | বিধি ৫(৫)(খ) |
| ৫৬. | সংরক্ষিত এলাকাকে সুনির্দিষ্টভাবে চিহ্নিত রাখা হয়েছে কি? | (ক) নিরাপত্তা নীতিমালা এবং কার্যপদ্ধতির বিস্তারিত ম্যানুয়াল<br>(খ) সরেজমিনে যাচাই | বিধি ৫(৫)(খ) |
| ৫৭. | ভবনের কাঠামো ও ব্যবস্থাপনা যথাযথ রয়েছে কি না তা যাচাইয়ের জন্য নির্দিষ্ট সময় অন্তর পরিদর্শনের নিজস্ব ব্যবস্থা রয়েছে কি? | (ক) নিরাপত্তা নীতিমালা এবং কার্যপদ্ধতির বিস্তারিত ম্যানুয়াল<br>(খ) সরেজমিনে যাচাই | বিধি ৫(৫)(খ) |
| ৫৮. | কার্গো হ্যান্ডলিং স্থল এবং পণ্যাগার এর চারিদিকে প্রয়োজনীয় দেয়াল রয়েছে কি? | (ক) সরেজমিনে যাচাই | বিধি ৫(৫)(খ) |
| ৫৯. | স্থানীয়, আমদানিকৃত, উচ্চমূল্য এবং বিপজ্জনক পণ্য আলাদা রাখার ব্যবস্থা রয়েছে কি? | (ক) নিরাপত্তা নীতিমালা এবং কার্যপদ্ধতির বিস্তারিত ম্যানুয়াল<br>(খ) সরেজমিনে যাচাই | বিধি ৫(৫)(খ) |
| **কার্গো নিরাপত্তা মূল্যায়ন:** | | | |
| ৬০. | কেবল যথাযথভাবে চিহ্নিত এবং অনুমোদিত ব্যক্তিই কার্গো হ্যান্ডলিং করতে পারে এরূপ ব্যবস্থা রয়েছে কি? | (ক) নিরাপত্তা নীতিমালা এবং কার্যপদ্ধতির বিস্তারিত ম্যানুয়াল<br>(খ) সরেজমিনে যাচাই | বিধি ৫(৫)(গ) |
| ৬১. | কার্গোর নিরাপত্তা নিশ্চিতকল্পে নিরাপদ স্থানে রাখা এবং উহা তদারকির টেকসই ব্যবস্থা রয়েছে কি? | (ক) নিরাপত্তা নীতিমালা এবং কার্যপদ্ধতির বিস্তারিত ম্যানুয়াল<br>(খ) সরেজমিনে যাচাই | বিধি ৫(৫)(গ) |
| ৬২. | কার্গোতে ইলেকট্রিক সিল (Electronic Cargo Tracking System-ECTS) ব্যবহারের ক্ষেত্রে যথাযথ মানদন্ড বজায় রাখার ব্যবস্থা আছে কি? | (ক) নিরাপত্তা নীতিমালা এবং কার্যপদ্ধতির বিস্তারিত ম্যানুয়াল<br>(খ) সরেজমিনে যাচাই | বিধি ৫(৫)(গ) |

| ক্রম | বিবেচ্য ক্ষেত্রেসমূহ | প্রমাণক | প্রযোজ্য বিধি |
|---|---|---|---|
| ৬৩. | কার্গোতে ইলেকট্রিক সিল (Electronic Cargo Tracking System-ECTS) ব্যবহারের ক্ষেত্রে নিরাপত্তা ম্যানুয়াল অনুসারে কেবল অনুমোদিত ব্যক্তি কর্তৃক পরীক্ষার ব্যবস্থা রাখা হয়েছে কি? | (ক) নিরাপত্তা নীতিমালা এবং কার্যপদ্ধতির বিস্তারিত ম্যানুয়াল<br>(খ) সরেজমিনে যাচাই | বিধি ৫(৫)(গ) |
| ৬৪. | কার্গোতে ইলেকট্রিক সিল (Electronic Cargo Tracking System-ECTS) ব্যবহারের ক্ষেত্রে কেবল অনুমোদিত ব্যক্তির নিকটই সিল হস্তান্তর করার ব্যবস্থা রাখা হয়েছে কি? | (ক) নিরাপত্তা নীতিমালা এবং কার্যপদ্ধতির বিস্তারিত ম্যানুয়াল<br>(খ) সরেজমিনে যাচাই | বিধি ৫(৫)(গ) |
| ৬৫. | কন্টেইনারের সাতটি ইন্সপেকশন প্রক্রিয়া (Seven Poinits Inspection Process) সামনের দেয়াল, বামের দেয়াল, ডানের দেয়াল, পাটাতন, ছাদ, দরজার ভেতর ও বাইরের পার্শ্ব, বাহিরের দেয়াল ও কন্টেইনারের তলার দিক যাচাই করার ব্যবস্থা রয়েছে কি? [(প্রযোজ্য ক্ষেত্রে) যেমন, প্রতিষ্ঠানের নিজস্ব প্রাঙ্গনে লোডিং/আনলোডিং করার প্রয়োজন হলে] | (ক) নিরাপত্তা নীতিমালা এবং কার্যপদ্ধতির বিস্তারিত ম্যানুয়াল<br>(খ) সরেজমিনে যাচাই | বিধি ৫(৫)(গ) |
| ৬৬. | অননুমোদিত কোন প্রবেশ বা টেম্পারিং (tempering) এর কোনো প্রমাণ পাওয়া গেলে কী ব্যবস্থা গ্রহণ করতে হবে তার জন্য প্রয়োজনীয় নিজস্ব নির্দেশনা রয়েছে কি? | (ক) নিরাপত্তা নীতিমালা এবং কার্যপদ্ধতির বিস্তারিত ম্যানুয়াল<br>(খ) সরেজমিনে যাচাই | বিধি ৫(৫)(গ) |
| ৬৭. | ট্রান্সপোর্ট ডকুমেন্টস বা ক্রয়/বিক্রয় আদেশ বা কাস্টমস ঘোষণা অনুসারে পণ্য সাজিয়ে রাখা যাতে প্রয়োজনে ওজন করা বা গননা করা যায় এরূপ ব্যবস্থা রয়েছে কি? | (ক) নিরাপত্তা নীতিমালা এবং কার্যপদ্ধতির বিস্তারিত ম্যানুয়াল<br>(খ) সরেজমিনে যাচাই | বিধি ৫(৫)(গ) |
| ৬৮. | কোন অসঙ্গতি বা অনিয়ম পরিলক্ষিত হলে তা প্রতিরোধের জন্য নিজস্ব নিয়ন্ত্রণ ব্যবস্থা রয়েছে কি? | (ক) নিরাপত্তা নীতিমালা এবং কার্যপদ্ধতির বিস্তারিত ম্যানুয়াল<br>(খ) সরেজমিনে যাচাই | বিধি ৫(৫)(গ) |
| **যানবাহনের নিরাপত্তা মূল্যায়নঃ** | | | |
| ৬৯. | আবেদনকারী কর্তৃক পণ্যবাহী যানবাহনের সম্ভাব্য সকল নিরাপত্তা নিশ্চিত করার ব্যবস্থা রয়েছে কি? (যেমন, যানবাহন হতে চুরি রোধে ব্যবস্থা) | (ক) নিরাপত্তা নীতিমালা এবং কার্যপদ্ধতির বিস্তারিত ম্যানুয়াল<br>(খ) সরেজমিনে যাচাই | বিধি ৫(৫)(ঘ) |
| ৭০. | পণ্যচালান পরিবহনের সাথে সংশ্লিষ্ট সকল অপারেটরদের নিজ তত্ত্বাবধানে থাকা অবস্থায় সকল সময়ে পণ্যবাহী যানবাহনের নিরাপত্তা নিশ্চিতকরণের বিষয়ে আবেদনকারী কর্তৃক প্রয়োজনীয় প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা রয়েছে কি? | (ক) নিরাপত্তা নীতিমালা এবং কার্যপদ্ধতির বিস্তারিত ম্যানুয়াল<br>(খ) প্রশিক্ষণ ম্যানুয়াল<br>(গ) প্রশিক্ষণ প্রদানের প্রমাণক (যেমন, স্বাক্ষরসহ প্রশিক্ষণে উপস্থিতির তালিকা) | বিধি ৫(৫)(ঘ) |
| ৭১. | নিরাপত্তার জন্য সন্দেহজনক বা প্রকৃত কোনো ঘটনা সংঘটিত হলে তা প্রতিষ্ঠানের দায়িত্বপ্রাপ্ত নিরাপত্তা বিভাগকে অবহিত করা, সেগুলোর রেকর্ড সংরক্ষণ এবং তা কাস্টমস কর্তৃপক্ষের নিকট সংশ্লিষ্ট প্রাসঙ্গিক তথ্যাদিসহ উপস্থাপনের ব্যবস্থা রয়েছে কি? | (ক) নিরাপত্তা নীতিমালা এবং কার্যপদ্ধতির বিস্তারিত ম্যানুয়াল<br>(খ) সরেজমিনে যাচাই | বিধি ৫(৫)(ঘ) |
| ৭২. | পণ্যবাহী যানবাহনের সম্ভাব্য গুপ্ত স্থান যেখানে অবৈধ পণ্য লুকিয়ে রাখা হতে পারে সে স্থানসমূহ নিয়মিত পরিদর্শনের ব্যবস্থা রয়েছে কি? | (ক) নিরাপত্তা নীতিমালা এবং কার্যপদ্ধতির বিস্তারিত ম্যানুয়াল<br>(খ) সরেজমিনে যাচাই | বিধি ৫(৫)(ঘ) |

| ক্রম | বিবেচ্য ক্ষেত্রেসমূহ | প্রমাণক | প্রযোজ্য বিধি |
|---|---|---|---|
| ৭৩. | প্রয়োজনীয় ট্র্যাকিং ও তদারকির মাধ্যমে প্রতিষ্ঠানের অঙ্গন হতে আমদানি/রপ্তানির পয়েন্ট এবং আমদানি/রপ্তানির পয়েন্ট হতে প্রতিষ্ঠানের অঙ্গন পর্যন্ত পণ্যবাহী যানবাহনের নিরাপত্তা ঝুঁকিরোধে কার্যকর ব্যবস্থা রয়েছে কি? | (ক) নিরাপত্তা নীতিমালা এবং কার্যপদ্ধতির বিস্তারিত ম্যানুয়াল (খ) সরেজমিনে যাচাই | বিধি ৫(৫)(ঘ) |
| ৭৪. | পণ্যবাহী যানবাহন যথাযথ গমনাগমন রুট ব্যবহার করছে কি না তা দৈবচয়নভিত্তিতে পরীক্ষা এবং লোডিং পয়েন্ট হতে গন্তব্য পর্যন্ত সম্ভাব্য সময় যাচাই করার ব্যবস্থা রয়েছে কি? | (ক) নিরাপত্তা নীতিমালা এবং কার্যপদ্ধতির বিস্তারিত ম্যানুয়াল (খ) সরেজমিনে যাচাই | বিধি ৫(৫)(ঘ) |
| ৭৫. | আবহাওয়া, যানজট, অন্য কোনো অপরিহার্য কারণে গমনাগমনের রুট পরিবর্তন করতে হলে চালক কর্তৃক তা প্রতিষ্ঠানের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিকে অবহিত করা এবং তাহার তথ্য সংরক্ষণের ব্যবস্থা রয়েছে কি? | (ক) নিরাপত্তা নীতিমালা এবং কার্যপদ্ধতির বিস্তারিত ম্যানুয়াল (খ) সরেজমিনে যাচাই | বিধি ৫(৫)(ঘ) |
| ৭৬. | ট্রান্সপোর্ট কর্তৃপক্ষ কর্তৃক তথ্যভিত্তিক, নির্দিষ্ট সময়ান্তে দৈবচয়নভিত্তিতে পণ্যবাহী যানবাহনের লগবই, যানবাহনের ট্র্যাকিং, প্রভৃতি যথাযথভাবে পরিপালিত হচ্ছে কি না তা তদারকি করার ব্যবস্থা রয়েছে কি? | (ক) নিরাপত্তা নীতিমালা এবং কার্যপদ্ধতির বিস্তারিত ম্যানুয়াল (খ) সরেজমিনে যাচাই | বিধি ৫(৫)(ঘ) |
| **জনবল সংক্রান্ত নিরাপত্তা মূল্যায়ন:** | | | |
| ৭৭. | প্রতিষ্ঠানে নতুন কর্মী নিয়োগের ক্ষেত্রে প্রয়োজনীয় সম্ভব্য সকল পূর্ব সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ এবং উক্ত কর্মী নিরাপত্তা বিঘ্নকরণ বা কাস্টমস সংশ্লিষ্ট কোন অপরাধ বা ফৌজদারি কোন অপরাধে পূর্বে সম্পৃক্ত ছিলো কি না তা যাচাইয়ের ব্যবস্থা রয়েছে কি? | নিরাপত্তা নীতিমালা এবং কার্যপদ্ধতির বিস্তারিত ম্যানুয়াল | বিধি ৫(৫)(ঙ) |
| ৭৮. | নিরাপত্তা ঝুঁকি রয়েছে এরূপ স্থানে কর্মরত কর্মীদের অতীত ইতিহাস নির্দিষ্ট সময়ান্তে নিয়মিত যাচাইয়ের ব্যবস্থা রয়েছে কি? | নিরাপত্তা নীতিমালা এবং কার্যপদ্ধতির বিস্তারিত ম্যানুয়াল | বিধি ৫(৫)(ঙ) |
| ৭৯. | প্রতিষ্ঠানে কর্মরত সকল কর্মীদের যথাযথ পরিচয় সংরক্ষণ এবং কর্মকালে পরিচয়পত্র বহন ও প্রদর্শনের ব্যবস্থা রয়েছে কি? | (ক) নিরাপত্তা নীতিমালা এবং কার্যপদ্ধতির বিস্তারিত ম্যানুয়াল (খ) সরেজমিনে যাচাই | বিধি ৫(৫)(ঙ) |
| ৮০. | অপরিচিত বা অবৈধ কোনো ব্যক্তির প্রবেশ নিয়ন্ত্রণের জন্য কর্মীদের ছবিযুক্ত পরিচয়পত্র ব্যবহার এবং অতিথিদের প্রবেশের জন্য অতিথি রেজিস্টার ব্যবস্থা ও এর যথাযথ পরিপালন নিশ্চিতকরণের ব্যবস্থা রয়েছে কি? | (ক) নিরাপত্তা নীতিমালা এবং কার্যপদ্ধতির বিস্তারিত ম্যানুয়াল (খ) সরেজমিনে যাচাই | বিধি ৫(৫)(ঙ) |
| ৮১. | কোনো কর্মী প্রতিষ্ঠান হতে কর্মত্যাগ করলে বা নিয়োগ বাতিল হলে সাথে সাথে তার পরিচয়পত্র বাতিলকরণ, প্রবেশাধিকার রহিতকরণ এবং এতদসংশ্লিষ্ট তথ্য সংরক্ষণ ও প্রয়োজনে তদারককারী কর্তৃপক্ষের নিকট উপস্থাপনের ব্যবস্থা রয়েছে কি? | (ক) নিরাপত্তা নীতিমালা এবং কার্যপদ্ধতির বিস্তারিত ম্যানুয়াল | বিধি ৫(৫)(ঙ) |
| **নিরাপত্তা প্রশিক্ষণ এবং ঝুঁকি সচেতনতা মূল্যায়ন:** | | | |
| ৮২. | সংশ্লিষ্ট কর্মীদের নিরাপত্তা ঝুঁকি সচেতনতা বিষয়ে প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা রয়েছে কি? | (ক) নিরাপত্তা নীতিমালা এবং কার্যপদ্ধতির বিস্তারিত ম্যানুয়াল (খ) প্রশিক্ষণ ম্যানুয়াল | বিধি ৫(৫)(চ) |

| ক্রম | বিবেচ্য ক্ষেত্রসমূহ | প্রমাণক | প্রযোজ্য বিধি |
|---|---|---|---|
| | | (গ) প্রশিক্ষণ প্রদানের প্রমাণক (যেমন, স্বাক্ষরসহ প্রশিক্ষণে উপস্থিতির তালিকা) | |
| ৮৩. | সংশ্লিষ্ট কর্মীর নিরাপত্তার ঝুঁকির বিষয়ে সচেতনতা রয়েছে কি? | (ক) নিরাপত্তা নীতিমালা এবং কার্যপদ্ধতির বিস্তারিত ম্যানুয়াল<br>(খ) সরেজমিনে যাচাই | বিধি ৫(৫)(চ) |
| ৮৪. | পণ্যবাহী যানবাহন-এর নিরাপত্তা, অভ্যন্তরীণ ঝুঁকি সচেতনতা এবং অ্যাকসেস কন্ট্রোল বাস্তবায়নে সুনির্দিষ্ট প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা রয়েছে কি? | (ক) নিরাপত্তা নীতিমালা এবং কার্যপদ্ধতির বিস্তারিত ম্যানুয়াল<br>(খ) প্রশিক্ষণ ম্যানুয়াল<br>(গ) প্রশিক্ষণ প্রদানের প্রমাণক (যেমন, স্বাক্ষরসহ প্রশিক্ষণে উপস্থিতির তালিকা)<br>(ঘ) সরেজমিনে যাচাই | বিধি ৫(৫)(চ) |
| ৮৫. | আন্তর্জাতিক সরবরাহ শৃঙ্খলের নিরাপত্তার সংক্রান্ত প্রশিক্ষণে আবেদনকারী প্রতিষ্ঠান নিম্নোক্ত বিষয়গুলো অন্তর্ভুক্ত রয়েছে কি, যথা:-<br>(অ) প্রতিষ্ঠানের নিরাপত্তা নীতি?<br>(আ) প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ সম্ভাব্য ঝুঁকি?<br>(ই) কার্গো নিরাপত্তা বিধান?<br>(ঈ) প্রতিষ্ঠানের অ্যাকসেস কন্ট্রোল ব্যবস্থা?<br>(উ) সন্দেহজনক কার্গো এবং ব্যক্তিকে চিহ্নিতকরণ এবং রিপোর্টিং?<br>(ঊ) পণ্যবাহী যানবাহন ব্যবস্থাপনা এবং কার্গো নিরাপত্তা বিধানের সহিত সংশ্লিষ্ট ব্যক্তিদের ব্যবস্থাপনা? | (ক) নিরাপত্তা নীতিমালা এবং কার্যপদ্ধতির বিস্তারিত ম্যানুয়াল<br>(খ) প্রশিক্ষণ ম্যানুয়াল<br>(গ) প্রশিক্ষণ প্রদানের প্রমাণক (যেমন, স্বাক্ষরসহ প্রশিক্ষণে উপস্থিতির তালিকা) | বিধি ৫(৫)(চ) |
| ৮৬. | নিরাপত্তা প্রশিক্ষণ সংক্রান্ত যাবতীয় তথ্য সংরক্ষণ করা এবং প্রয়োজনে কাস্টমস কর্তৃপক্ষের চাহিদা মোতাবেক তা উপস্থাপন করার ব্যবস্থা রয়েছে কি? | (ক) নিরাপত্তা নীতিমালা এবং কার্যপদ্ধতির বিস্তারিত ম্যানুয়াল<br>(খ) সরেজমিনে যাচাই | বিধি ৫(৫)(চ) |
| ৮৭. | প্রাকৃতিক বা মানবসৃষ্ট কোনো দুর্যোগ বা দূর্ঘটনা যেমন, বন্যা, ভূমিকম্প, জলোচ্ছ্বাস, ঘুর্ণিঝড়, অগ্নিকান্ড, অতিমারি বা সমজাতীয় অন্য কোনো দুর্যোগ বা দূর্ঘটনা কীভাবে মোকাবেলা করতে হবে এবং উক্ত ক্ষেত্রে তদারককারী সংস্থার সাথে সমন্বয়ের কর্মপন্থা রয়েছে কি? | (ক) নিরাপত্তা নীতিমালা এবং কার্যপদ্ধতির বিস্তারিত ম্যানুয়াল<br>(খ) প্রশিক্ষণ ম্যানুয়াল<br>(গ) প্রশিক্ষণ প্রদানের প্রমাণক (যেমন, স্বাক্ষরসহ প্রশিক্ষণে উপস্থিতির তালিকা)<br>(ঘ) সরেজমিনে যাচাই | বিধি ৫(৫)(চ) |